

প্রথম দিনে রাকসুর মনোনয়ন ফরম নিলেন ৬ জন

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৫ আগস্ট ২০২৫, ০৫:০০



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের মনোনয়ন ফরম বিতরণের প্রথম দিনে ছয়জন সংগ্রহ করেছেন। এর মধ্যে পাঁচজন রাকসুর এবং একজন খালেদা জিয়া হল ছাত্র সংসদের মনোনয়ন ফরম তুলেছেন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

রোববার বিকেলে প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক এফ নজরুল ইসলাম রাকসুর কোষাধ্যক্ষের কার্যালয়ের সামনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান।

তিনি বলেন, রাকসুর বিভিন্ন পদে মোট পাঁচজন পদপ্রার্থী মনোনয়ন ফরম উত্তোলন করেছেন। এ ছাড়া হল সংসদ নির্বাচনে খালেদা জিয়া হল থেকে একজন মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে নিরাপত্তা ইস্যুতে একটি কমিটি গঠন এবং ভোটার তালিকায় ছবি সংযুক্ত করার সিদ্ধান্ত হয়েছে।

নতুন তপশিল অনুযায়ী, আগামী সোম ও মঙ্গলবার সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত মনোনয়নপত্র বিতরণ চলবে।

এদিকে রাকসু, হল সংসদ ও সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচন উপলক্ষে শিক্ষার্থীদের বিভিন্ন দাবির পরিপ্রেক্ষিতে ছাত্র সংগঠনগুলোর সঙ্গে নির্বাচন কমিশনের আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ছাত্রদলের নির্বাচন কমিশন পুনর্গঠন ও নির্বাচনী প্রস্তুতির জন্য দুই মাস সময় চেয়ে কমিশনে দেওয়া আবেদনের বিষয়টি এজেন্ডা হিসেবে তোলা হয়।

রোববার বিকেলে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে এ সভার আয়োজন করা হয়। সভায় ছাত্রদলকে সুস্পষ্ট যুক্তির পরিপ্রেক্ষিতে যৌক্তিক সময় দেওয়ার পক্ষে মতামত দেয় ছাত্রশিবির ও ছাত্র অধিকার পরিষদ। এর আগে ২১ আগস্ট ছাত্রদল নির্বাচন কমিশন পুনর্গঠন ও নির্বাচনী প্রস্তুতির জন্য দুই মাস সময় চেয়ে কমিশনে আবেদন করে।